জিরো ড্রাফট

# প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
## প্রাণিসম্পদ অধিদপ্তর
### মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### কৃষি খামার সড়ক, ঢাকা ১২১৫

*www.lddp.portal.gov.bd*

# পিজি গঠন ও সংহতকরণ নির্দেশিকা

## (Producer Group Formation and Mobilization Guidelines)

প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পটি (এলডিডিপি) বিশ্ব-ব্যাংক ও সরকারের অর্থায়নে প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর সার্বিক তত্ত্বাবধান এবং সরাসরি অংশগ্রহণে বাস্তবায়নাধীন। প্রকল্প ব্যবস্থাপনা, মনিটরিং ও মূল্যায়ন ইউনিট সহ এলডিডিপি প্রকল্পের কার্যক্রমগুলো মোট তিনটি (৩) ইউনিটে বিন্যাস করা হয়েছে। ইউনিটগুলো হচ্ছে ১) প্রাণিসম্পদ উৎপাদন ও উৎপাদন-দক্ষতা, ২) বাজার ব্যবস্থাপনা ও প্রাণিসম্পদ ভেলু-চাইন উন্নয়ন এবং ৩) ঝুঁকি নিরসন ও জলবায়ু সহনশীল প্রাণিসম্পদ উৎপাদন।

প্রডিউসার গ্রুপ বা পিজি হচ্ছে প্রাণিসম্পদ ও পণ্য উৎপাদনে সম্পৃক্ত কোন অঞ্চলের ক্ষুদ্র খামারীদের একটি সংগঠন ও কর্ম-কেন্দ্রস্থল। সংগঠিত সদস্যদের যৌথ প্রচেষ্টায় প্রাণির উৎপাদন ও উৎপাদন-দক্ষতা বৃদ্ধি, বাজারজাত ব্যবস্থাপনার উন্নয়ন এবং ঝুঁকি নিরসনপূর্বক পিজি-সদস্যসহ অন্যান্য গ্রামবাসীদের কৃষি-জীবিকা উন্নয়ন করাই হচ্ছে একটি পিজির মূল উদ্দেশ্য। সরকারি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক রেজিস্ট্রেশন থাকুক বা না থাকুক একটি প্রাণিসম্পদ-পিজি তার কার্যক্রম পরিচালনা করবে।

এলডিডিপি এর আওতায় মোট ৫৫০০টি পিজি ও ১৬৫,০০০ সুফলভোগী-গৃহস্থসমুহ প্রাণিসম্পদ-ভেলু চেইন ভিত্তিক নিম্নোল্লেখিত ছক মতে বিন্যস্ত।

**ছক-১ পিজি ও সুফলভোগী-গৃহস্থদের বিন্যাস**

| প্রাণিসম্পদ ভেলু-চেইন ভিত্তিক খামার | মোট গৃহস্থ | গৃহস্থ সংখ্যার গড় ও পরিসর | মোট পিজির সংখ্যা | নারী-গৃহস্থ সংখ্যার হার, % |
|---|---|---|---|---|
| ক্ষুদ্র-ডেইরী | ১০০০০০ | ৩০ (২০-৪০) | ৩৩৩৪ | ৪১.০ |
| গরু হৃষ্টপুষ্টকরণ | ২০০০০ | ৩০ (২০-৪০) | ৬৬৬ | ২৫.০ |
| ছাগল ও ভেড়া | ১৫০০০ | ৩০ (২০-৪০) | ৫০০ | ১০০.০ |
| পারিবারিক হাঁস-মুরগী | ৩০০০০ | ৩০ (২০-৪০) | ১০০০ | ১০০.০ |
| | ১৬৫০০০ | ৩০ (২০-৪০) | ৫৫০০ | |

পিজি-নির্দেশিকারটির উদ্দেশ্য

বাংলায় উপস্থাপিত আলোচ্য খসড়া পিজি নির্দেশিকাটি বিস্তারিত “Producer Group Formation and Mobilization Guidelines” এর একটি সংক্ষিপ্তরূপ। সংক্ষিপ্ত পিজি-নির্দেশিকাটির মূল উদ্দেশ্য হচ্ছে এলডিডিপি এর আওতায় ৬১ জেলায় ইতিমধ্যে চিহ্নিত এবং বৈশিষ্টায়নকৃত পিজিগুলো সংগঠিত ও সু-সংহতকরণে প্রয়োজনীয় কার্য-নির্দেশিকাগুলো সংক্ষেপে উপস্থাপন করা। সংক্ষিপ্ত নির্দেশনাগুলো ইতিমধ্যে ৮টি আঞ্চলিক কর্মশালার মাধ্যমে প্রাণিসম্পদ বিভাগ ও এলডিডিপির সকল কর্মকর্তাদের মৌখিকভাবে স্পষ্টায়ন করা এবং প্রাথমিক ইংরেজী খসড়া সংস্করণটিও ই-মেইলে সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয়েছে।

পিজি-নির্দেশিকাটিতে নিম্ন-লিখিত চারটি (৪) মডিউল সংক্ষিপ্তভাবে বর্ণিত হয়েছে।


মডিউল-১ পিজির সাংগঠনিক সুবিধাদি ও দায়িত্ব

মডিউল-২ পিজি সংগঠন ও কর্ম-কান্ড বাস্তবায়ন

মডিউল-৩ পরিকল্পনা, বাস্তবায়ন, অনুবীক্ষণ ও মূল্যায়ন

মডিউল-৪: যোগাযোগ ও নেটওয়ার্কিং

মডিউলগুলোতে বর্ণিত প্রধান প্রধান বিষয়গুলোর সমন্বয়ে পিজি সংহতকরণে একটি লেখচিত্র নিম্নে প্রদান করা হল।




মডিউল-১ পিজির সাংগঠনিক সুবিধাদি ও দায়িত্ব

আলোচ্য মডিউলে সাংগঠনিক সুবিধা ও উন্নয়ন অংশীদের দায়িত্ব সম্বন্ধে বর্ণনা হয়েছে।

বিষয়-১ সাংগঠনিক সুবিধা

একটি পিজি সেবা-প্রদানকারি ও সেবা-গ্রহণকারির সম্পর্ক জোরদারসহ সেবা বিনিময় সহজ করে এবং এর মাধ্যমে প্রাণিসম্পদ উৎপাদন বৃদ্ধি এবং সামাজিক ও রাস্ট্রীয় কাজে খামারীদের ক্ষমতায়ন করে। প্রযুক্তি ও উন্নত ব্যবস্থাপনা, আর্থিক সহযোগিতা, বাজার ব্যবস্থাপনায় প্রবেশ, মূল্যসাশ্রয়ী নিরাপদ উপকরণ সংগ্রহ, প্রাণিস্বাস্থ্য সেবা প্রদান, কমিউনিটি-ফডার উৎপাদন ও সংরক্ষণ ইত্যাদিসহ খামারীদের দক্ষতা বৃদ্ধিতে পিজি সহায়ক ভূমিকা পালন করে।

অন্যদিকে সকল শ্রেনীর খামারীদের সহিত উন্নয়ন সহযোগী সংস্থার যোগাযোগ সহজ ও দৃঢ় করে। প্রশিক্ষণ প্রদান, সেবা বিতরণ, ঝুঁকি-নিরসন এবং স্থানীয়-সরকার ব্যবস্থায় খামারীদের নেতৃত্ব দৃঢ় করণে সহায়ক ভূমিকা পালন করে।

বিষয়-২ উন্নয়ন অংশীদের দায়িত্ব

ক) পিজির সহিত বিশ্বাস স্থাপন এবং কর্ম-সম্পাদনে জ্ঞান, প্রযুক্তি ও প্রশিক্ষণসহ অন্যান্য সেবা সহায়তা প্রদান

খ) আন্তঃপিজি সম্পর্ক উন্নয়ন এবং পিজি কার্যক্রম পর্যবেক্ষণ

গ) প্রাণিসম্পদ- এফএফএস সম্প্রসারণ প্রযুক্তি ব্যবহারে পিজির কর্মদক্ষতা উন্নয়ন

ঘ) পিজি কর্তৃক ব্যবসা পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও নীরিক্ষণে পরামর্শ-সেবা প্রদান

মডিউল-২ পিজি সংগঠন ও কর্ম-কান্ড বাস্তবায়ন

আলোচ্য মডিউল্টিতে মোট দশটি (১০) বিষয় সংক্ষিপ্তভাবে বর্ণনা করা হয়েছে। একটি পিজি গঠন ও সংহতকরণে নিম্নের দশটি বিষয় গুরুত্বপূর্ণ।

বিষয়-১ কমিউনিটি-সংযোগ স্থাপন

প্রাণিসম্পদ ক্ষুদ্র-খামারীদের অংশগ্রহণে এলডিডিপি কার্যক্রম বাস্তবায়নে ৫৫০০টি পিজি হচ্ছে কমিউনিটি কর্মকেন্দ্র। একটি নির্দ্দিষ্ট অঞ্চলের প্রকৃষ্ট প্রাণিসম্পদ ক্ষুদ্র-খামারীদের নির্বাচন এবং পিজিসমূহে অন্তর্ভূক্তকরণে কমিউনিটির সম্মানীয়, বয়োজ্যষ্ঠো, সৎ ও নিষ্ঠাবান ব্যক্তিবর্গের সহায়তা গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। পিজি-সদস্যগণসহ কমিউনিটির সহিত বিশ্বাস স্থাপন, প্রাণিসম্পদ ভ্যলু-চেইন ভিত্তিক (গরু/মহিষ, হৃষ্টপুষ্টকরণ, ছাগল/ভেড়া, দেশী-মুরগি) পুরুষ/নারী খামারী, প্রাণী-পরিসংখ্যান, বাজারব্যবস্থাসহ অন্যান্য ডাটাবেজ তৈরি, সমস্যা চিহ্নিতকরণ, পরামর্শ প্রদান ইত্যাদি, পিজি-কার্যক্রমগুলো কমিউনিটি সংযোগ স্থাপনের মাধ্যমে বস্তবায়ন হবে।

বিষয়-২ সংগঠন তৈরী

আলোচ্য পিজি নিতিমালাটি সরকারের সমবায় নিতিমালা ও জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার প্রকাশনাগুলো দেশের প্রাণিসম্পদ উন্নয়ন প্রেক্ষাপটে খসড়া প্রণয়ন করা হয়েছে।

ক) পিজি একটি সামাজিক কল্যাণ ও প্রাণিসম্পদ উৎপাদনমুখী খামারী সংগঠন, যা গণতান্ত্রিক, অসম্প্রদায়িক, অরাজনৈতিক, অহিংস ও বৈষম্যহীন নীতিমাল অনুসরণ করে।

খ) একটি পিজি কোন অঞ্চলের $\leq$২.০ কিলোমিটার পরিধির মধ্যে অবস্থান করবে।

গ) কোন স্থানে সংখ্যাগরিষ্ঠ সদস্যদের গ্রামের নাম এবং প্রাণিসম্পদ ভ্যলু-চেইনের নাম যোগ করে একটি পিজির শিরোনাম নির্ধারণ করা।
উদাহরণ হিসেবে "কেদারপুর" গ্রামের একটি ডেইরী পিজির শিরোনাম "কেদারপুর ডেইরি পিজি" হবে।

বিষয়-৩ পিজিতে অংশগ্রহণ, সদস্য-যোগ্যতা ও দায়িত্ব

অংশগ্রহণমুলক কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ন, আর্থিক উন্নয়ন এবং লিঙ্গ, জাতি-গোষ্ঠী ও প্রতিবন্ধি প্রতিবন্ধকতা নিরসন এর মাধ্যমে একটি পিজি ক্রমান্বয়ে সুসংহত হবে। অন্তঃপিজি-সদস্যদের আর্থিক যোগ্যতার সমতা এবং সামাজিক সখ্যতা এবং নিম্ন-লিখিত নির্দেশকগুলো বিবেচনায় রেখে ভ্যল-চেইন ভিত্তিক পিজি তৈ্রী করতে হবে।

ক) একটি পিজিতে ন্যুনতম ২০ ও সর্বোচ্চ ৪০ জন খামারি-সদস্য অংশগ্রহণে সকল ভ্যলু-চেইনের পিজি গঠিত হবে।

- ডেইরী-পিজিঃ ন্যুনতম ২ টি গাভী/খামারী এবং দৈনিক গড়ে ৫.০ লিটার/খামারী দুধ উৎপাদন, ৪০টিক গরু/পিজি, এবং জেলা পর্যায়ের মোট ডেইরী পিজি সমূহে গড়ে ৪১% নারী খামারি-সদস্যের উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।
- হৃষ্টপুষ্টকরণ পিজিঃ দুইটি (২) গরু/খামারী ও চল্লিশটি (৪০) গরু/পিজি) এবং জেলা পর্যায়ে মোট হৃষ্টপুষ্টকরণ পিজি সমূহে গড়ে ২৫% নারী খামারি-সদস্যের অংশগ্রহণ।
- ছাগল/ভেড়া পিজিঃ দুইটি (২) ছাগল ও/বা ভেড়া/খামারী, মোট ৪০টি ছাগল ও/বা ভেড়া/পিজি, এবং মোট ১০০% নারী খামারি-সদস্যের অংশগ্রহণ।

- দেশী-মুরগি পিজিঃ বিশটি (২০) হাঁস-মুরগি/খামারী, চারশত টি (৪০০) দেশী হাঁস-মুরগি/পিজি) এবং ১০০% নারী খামারি-সদস্যের অংশগ্রহণ।

খ) সদস্যদের (নারী ও পুরুষ) বয়স সর্ব-নিম্ন ১৮ বা তদুর্ধ (৬০ বছর বা ক্ষেত্র ভেদে তদুর্ধ)

গ) পিজি-গঠনতন্ত্র অনুসারে পিজি কমিটি কার্যক্রম পরিচালনা করবে। নিম্ন-লিখিত সদস্যদের সমন্বয়ে পিজি কমিটি গঠিত হবে।

- ৭ থেকে ৯ সদস্য-বিশিষ্ট কমিটি (সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, ক্যাশিয়ার এবং সদস্য)
- ২ বছর মেয়াদি
- কমিটির সদস্য সংখ্যানুসারে ন্যুনতম দুই থেকে পাঁচ জন নারী/যুবক/প্রতিবন্ধী সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে)

বিষয়-৪ নেতৃত্ব ও ব্যবস্থাপনা

ক) পিজি অফিসঃ একটি পিজি শুরুতে তার যে কোন সদস্যের বাড়ীর আংগিনায় কার্যক্রম চালাতে পারবে। তবে তা সংশ্লিষ্ট অফিসকে জানাতে হবে।

কিন্তু, সময়ের সাথে সাথে পিজির কার্যক্রম বাস্তবায়নের জন্য অফিসের জায়গা নির্ধারণ করতে হবে।

খ) পিজি পরিচালনার জন্য একটি গঠনতন্ত্র থাকেব। গঠনতন্ত্রের উপ-ধারা/নিয়ম অনুসারে অনুসারে ২ বছর মেয়াদি ৭ থেকে ৯ সদস্য বিশিষ্ট্য একটি কমিটি গঠিত হবে। কমিটির সদস্য সংখ্যানুসারে ন্যুনতম দুই থেকে পাঁচ জন নারী/যুবক/ প্রতিবন্ধী সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে)।

গ) সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, ক্যাশিয়ার এবং সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠিত হবে। সভার কোরাম হতে ন্যুনতম তিন অথবা পাঁচ সদস্যদের উপস্থিতি থাকতে হবে

ঘ) সকল সদস্যদের সম্মতির ভিত্তিতে অথবা সদস্যদের মতভেদ দেখা দিলে গঠনতন্ত্র অনুসারে নির্বাচনের মাধ্যমে কমিটি গঠিত হবে।

কমিটির দায়িত্ব

ক) প্রশাসন এবং আর্থিক ব্যবস্থাপনা, প্রযুক্তি প্রদর্শন ও সক্ষমতা বৃদ্ধি, কমিউনিটি পর্যায়ে ভ্যাক্সিন এবং কৃমিনাশক ব্যবহার, ফার্মার্স-ফিল্ড স্কুল প্রযুক্তি সম্প্রসারণ, ভিলেজ মিল্ক কালেক্সন সেন্টার (ভিএমসিসি), মিল্ক-হাব ও স্কুল-মিল্ক ফিডিং প্রকল্প কার্যক্রমে অংশগ্রহণ, সরকারী ও বেসরকারি উন্নয়ন সংস্থার সাথে যোগাযোগ এবং পরামর্শ গ্রহণ, আয়-বর্ধনমুলক কার্যক্রম বাস্তবায়ন, ও মূল্যায়ন, ঋণ ব্যবস্থাপনা, ব্যবসা পরিকল্পনা ও বাস্তবায়ন এবং সাধারণ সভায় অনুমোদিত অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন।

খ) সকল পিজি বাৎসরিক সাধারণ সভা করবে এবং উন্নয়ন পরিকল্পনা এবং বাস্তবায়ন সাধারণ সভায় অনুমোদন গ্রহণ করবে। বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব অডিট-প্রতিবেদনসহ সাধারণ সভায় উপস্থাপন করবে। সকল সভার কার্যক্রম গঠনতন্ত্র অনুসারে পরিচালিত হবে।

বিষয়-৫ গঠনতন্ত্র

সকল পিজির জন্য একটি গঠনতন্ত্র থাকবে। গঠনতন্ত্র সধারণ সভায় অনুমোদিত হবে। পিজি গঠনতন্ত্রের বিষয়বস্তু এতদসংগে সংযোজিত হল।

বিষয়-৬ সভা ও সিদ্ধান্ত বাস্তবায়ন

ক) পিজির স্থায়ী অফিস না হওয়া পর্যন্ত যে কোন সদস্যের বাড়িতে বা সুবিধাজনক জায়গায় সভা করতে হবে।

খ) মাসে একটি সভা অনুষ্ঠিত হবে এবং সভার তারিখের ৭ দিন পূর্বে নোটিশ করতে হবে। কমিটির সদস্য সংখ্যার ভিত্তিতে ন্যুনতম ৪০% (৩-৫ জন) সদস্যের উপস্থিতিতে সভা পরিচালনা করা যাবে। সদস্যদের হাজিরাসহ কার্য-বিবরণি তৈরী ও সংরক্ষণ করতে হবে।

বিষয়-৭ নথিপত্র তৈরি ও সংরক্ষণ

সকল পিজি নিম্ন-লিখিত নথি-পত্র সংরক্ষণ করবে।

১) সদস্য বা তার প্রতিনিধিদের রেজিস্ট্রার
২) প্রাণিসম্পদ রেজিস্ট্রার
৩) সভা ও সভায় উপস্থিতি রেজিস্ট্রার
৫) চাঁদা আদায়ের রেজিস্ট্রার
৬) শেয়ার রেজিস্ট্রার
৭) ক্যাশবই, ইত্যাদি

বিষয়-৮ আর্থিক ব্যবস্থাপনা

ক) মাসিক চাঁদা (প্রতিমাসে ১০০টাকা বা পিজি কর্তৃক হারে) আদায়, ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা, ইত্যাদি কর্মকান্ডসহ আর্থিক বিষয়ে পিজি-কমিটি দায়িত্ববান থাকবে। একটি পিজি সুসংহত হওয়ার সাথে সাথে আর্থিক কার্যক্রম বৃদ্ধি পাবে। এবং পিজির আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতার স্বার্থে একটি আর্থিক উপ-কিমিটি গঠন করতে পারবে।

খ) সাধারণ সভার সিদ্ধান্ত অনুসারে পিজি-কমিট্রির সভাপতি, সাধারণ-সম্পাদক এবং হিসাব-রক্ষক ব্যাংক হিসাব খুলবে। ব্যাংক হিসাব সভাপতি অথবা সাধারণ-সম্পাদক ও হিসাব-রক্ষকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

গ) সাধারণ সভার সিদ্ধান্ত অনুসারে জরুরী অর্থ খরচের পরিমান বাদে সমস্ত লেনদেন ব্যাংকের মাধ্যমে পরিচালিত হবে।

ঘ) কোন পিজি সদস্য পিজির উন্নয়ন বহির্ভূত কোন কাজে অর্থ খরচ করবে না।

ঙ) পিজি ব্যবসায়িক প্রয়োজনে ব্যাংক ঋণ গ্রহণ এবং তা সময়মত পরিশোধ করবে

চ) পিজির উন্নয়ন কাজে এল্ডিডিপ এর গ্রান্ট বা ম্যচিং-গ্রান্ট উপকরণসমুহ গ্রহণ করতে পারবে।

বিষয়-৯ নারী ও যুব উন্নয়ন

নারী, যুবক (১৮-৩৫ বছর, জাতীয় যুব নীতিমালা, ২০১৭), ট্রান্সজেন্ডারদের পিজিতে অন্তর্ভূক্ত এবং উন্নয়ন কাজে সম্পৃক্ত করতে কমিটি উদ্যোগী ভূমিকা পালন করবে। উন্নয়ন কাজে যুবকদের স্বক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। কমিটির সকল সদস্যদের নারীর ক্ষমতায়ন ও ট্রান্সজেন্ডারদের অধিকার রক্ষায় সচেতন হতে হবে।

বিষয়-১০ বিনিয়োগ ও ব্যবসা উন্নয়ন

ব্যবসা পরিকল্পনা এবং বিনিয়োগ কার্যক্রমে পিজিকে স্বক্রিয় ভুমিকা রাখতে হবে। উন্নয়ন সংস্থার সহযোগিতায় ব্যবসা পরিকল্পনা এবং বিনিয়োগ বিষয়ে সদস্যদের প্রশিক্ষণ দিতে হবে। সধারণ সভার সিদ্ধান্তক্রমে ব্যবসায় বিনিয়োগে ব্যাংক ঋণ গ্রহণ করা যাবে। কোন পিজি ব্যবসা পরিকল্পনা এবং বাস্তবায়নের উদ্দেশ্যে ৫-৭ সদস্য বিশিষ্ট একটি বিজনেন্স উপ-কমিটি গঠন করতে পারবে।

পিজি নিবন্ধন

উপজেলা সমবায় বিভাগের নির্ধারিত আবেদন ফর্ম পূরণ পূর্বক একটি পিজি নিম্নলিখিত শর্তসমূহ পূরণে নিবন্ধিত হতে পারে। তবে নিবন্ধন গ্রহণ বাধ্যতামুলক নয়, বরং তা পিজির সিদ্ধান্তের উপর নির্ভর করবে। একটি পিজির ন্যুনতম সদস্য সংখ্যা ২০ হলে উপরে বর্ণিত পদ্ধতি অনুসরণে গৃহিত শিরোনামের একটি পিজি প্রাথমিক সমবায় সমিতি হিসেবে নিবন্ধনের জন্য আবেদন করতে পারবে। সমবায় বিভাগের প্রাথমিক সমবায় সমিতির জন্য নির্ধারিত আবেদন ফর্ম-১ পূরণ পুর্বক আবেদন করতে হবে।
নিবন্ধন নিতিমালা অনুসরণে নিম্ন-লিখিত শর্তসমূহ পূরণে একটি পিজি সংগঠিত এবং সুসংহত বলে গণ্য হবে এবং নিবন্ধন পাওয়ার যোগ্য বিবেচিত হবে।

১) পিজির আঞ্চলিক সীমার শর্তপূরণ
২) পিজির ব্যবসায়িক যোগাযোগের ঠিকানা
৩) সদস্যদের বয়স সীমার সঠিকতা এবং জাতীয় পরিচয়-পত্র
৪) অন্য যে কোন পিজির সহিত শিরোনামের দ্বিত্বতা পরিহার করা
৫) পিজির নিজস্ব কার্যালয়
৬) আর্থিক লেনদেন, চাঁদা এবং শেয়ার পরিচালনার প্রমাণক উপস্থাপন
৭) পিজি-সদস্যদের কার্যকাল এবং সদস্য-চাঁদা আদায়ের ধারাবাহিকতা অক্ষুন্ন থাকা
৮) নিবন্ধন চাঁদা জমা এবং পিজি-পরিচালনা কার্যক্রমের প্রমাণক উপস্থাপন

মডিউল-৩ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, অনুবীক্ষণ এবং মূল্যায়ন

উক্ত মডিউলে নিম্নোক্ত তিনটি বিষয় অন্তর্ভূক্ত হবে।

বিষয়-১: কর্ম-পরিকল্পনা প্রণয়ন

সমস্যা চিহ্নিত ও বিশ্লেষণ করা, বিদ্যমান অগ্রাধিকার ভিত্তিতে সমস্যার সমাধান নির্বাচন এবং কর্ম-পরিকল্পনা প্রণয়নের বিষয়গুলো অন্তর্ভূক্ত করা।

বিষয়-২: বাস্তবায়ন

পরিকল্পিত কর্ম-কান্ড বন্টন করা, পরিকল্পনা মোতাবেক কর্ম-কান্ড বাস্তবায়ন, সমন্বয় সভা আয়োজন ও পর্যালোচনা, এবং সমস্যা নিরসনে ধারাবাহিক বিষয়গুলো আলোচ্য অধ্যায়ে অন্তর্ভূক্ত করা।

বিষয়-৩: অনুবীক্ষণ এবং মূল্যায়ন

পর্যবেক্ষণ ও মূল্যায়ন করার দিক-নির্দেশনা সহ বিভিন্ন নীতিমালা সংযোজিত করা হয়েছে।

মডিউল-৪: যোগাযোগ এবং নেটওয়ার্কিং

উক্ত মডিউলে নিম্নোক্ত চারটি বিষয় অন্তর্ভূক্ত আছে।

বিষয়-১ মতবিরোধ নিষ্পত্ত

মতবিরোধ কি এবং এর প্রকারভেদ, এবং মতবিরোধ নিষ্পত্তির বিভিন্ন উপায়সমূহ বর্ণিত হয়েছে।

বিষয়-২ যোগাযোগ

যোগাযোগে সম্পৃক্ত বিভিন্ন সংস্থাসমূহ, এলডিডিপি বাস্তবায়ন এবং পিজি সুসংহতকরণে তাদের প্রয়োজনীয়তা এবং যোগাযোগের বিভিন্ন উপায়গুলো বর্ণনা করা হয়েছে।

বিষয়-৩ পিজি কর্ম-দক্ষতা মূল্যায়ন

একটি পিজি নিজেই যেভাবে তার অগ্রগতি মূল্যায়ন করতে পারে তা বিশদভাবে বর্ণনা করা হয়েছে। নীচে একটি স্ব-নির্ধারিত ছক দেয়া হল। নিম্নোক্ত ছকটি (ছক-২) ব্যবহারে একটি পিজি তার অগ্রগতি মূল্যায়ন করবে।

বিষয়-৪ দ্বিতীয়/তৃতীয়-ক্রমে সংগঠন তৈরি

পিজি তার অঞ্চলের অন্যান্য পিজিগুলোর সাথে ব্যবসায়িক যোগাযোগ স্থাপন করে অর্থনৈক উন্নয়ন, সাহায্যকারী সংস্থা বা সরকারের সহিত যোগাযোগ, উপকরণ যোগান এবং ব্যবসা বৃদ্ধির ক্ষেত্রে দ্বীতিয় বা তৃতীয়-ক্রমে কিভাবে সংগঠিত হতে পারে তা আলোচ্য অধ্যায়ে বর্ণনা করা হয়েছে।

# পিজি সদস্য রেজিস্টার

কো-অপারেটিভ উপবিধি (২০০৪), ফরম নং ১৪(ক), বিধি ৬২ (খ)

| ক্রমিক নং | সদস্যের নাম | পিতা ও মাতা | বয়স | গ্রাম | পেশা | পিজিতে যোগদানের তারিখ | মনোনিত ব্যক্তির নাম | মনোনিত ব্যক্তির সহিত সম্পর্ক ও ঠিকানা | সদস্য-পদ নিবৃত্তির তারিখ ও কারণ | মন্তব্য | সদস্যের স্বাক্ষর/টিপ-সই |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

## প্রাণিসম্পদ রেজিস্টার

| সদস্যদের রেজিস্ট্রেসন নং এবং নাম | | গরু | | | | | মহিষ | | | | | ছাগল | | | | ভেড়া | | | | মুরগী | | | | | হাঁস | | | স্পেসালাই যড ফাউল | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নং | নাম | গাভী | | হৃষ্টপুষ্টকরণ ষাঁড়/বলদ | বকনা | বাড়ন্ত গরু | গাভী | | হৃষ্টপুষ্টকরণ ষাঁড়/বলদ | বকনা | বাড়ন্ত গরু | ছাগী | খাসী | পাঁঠা | বাচ্চা | ভেড়ি | ল্যাম্ব | পাঁঠা | বাচ্চা | মুরগী | বাড়ন্ত মোরগ | ব্রয়লার | লেয়ার | বাচ্চা | হাঁসি | হাঁসা | বাড়ন্ত হাঁস | | |
| | | দুধালো | দুধ-ছাড়া | | | | দুধালো | দুধ-ছাড়া | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

## পিজি গঠনতন্ত্রের বিষয়বস্তু

### ক) পিজি পরিচয়

১। সংজ্ঞা, নাম ও ঠিকানা
২। পিজির কর্ম-অঞ্চল
৩। পিজির কর্ম-কান্ড
৪। লক্ষ্য ও উদ্দেশ্য

### খ) সদস্য যোগ্যতা ও দায়-বদ্ধতা

১। সদস্য-পদের শর্ত ও যোগ্যতা
২। সদস্যদের অধিকার ও দায়-বদ্ধতা
৩। সাধারন সদস্যদের কর্ম-দায়িত্ব

### গ) পিজি প্রশাসন

১। পিজি কমিটির দায়িত্ব, কমিটি-সদস্য নির্বাচন এবং মেয়াদ
২। সভা আহ্বান, পরিচালনা এবং সিদ্ধান্ত গ্রহণ
৩। সাধারণ সভা এবং তার কর্ম-দায়িত্ব ও ক্ষমতা
৪। গঠনতন্ত্রের উপবিধি ও নিয়মকানুন সংশোধন
৫। প্রজ্ঞাপন এবং প্রচারণা

### ঘ) পিজি ব্যবস্থাপনা

১। পিজি গঠন প্রক্রিয়া এবং দায়িত্ব হস্তান্তর
২। সদস্যপদ বাতিল, বহিস্কার এবং ঋণ আদায়
৩। পিজি নথি বা দলিল পত্রাদির তথ্যাদি সদস্যগণের জানার অধিকার
৪। পিজির পক্ষে স্বাক্ষর প্রদানে মোক্তারনামা
৫। বিরোধ নিষ্পত্তি

### ঙ) আর্থিক ব্যবস্থাপনা

১। মূল্ধনের উৎস্য ও উন্নয়ন নির্দেশিকা
২। হিসাব সংরক্ষণ
৩। চাঁদা প্রদানে ব্যর্থতার দায়বদ্ধতা এবং ক্ষতিপূরণ
৪। আর্থিক লেনদেন তত্বাবধান এবং নিরীক্ষা পদ্ধতি

### চ) বিনিয়োগ ও ব্যবসা

১। পিজি এবং পিজি-ব্যবসা পরিচালনা
২। ব্যবসার মুনাফা নিতিমালা
৩। শেয়ার ও ঋণ-দায় হস্তান্তর
৪। পিজি-বহির্ভুত ব্যবসায় বিনিয়োগ এবং ব্যবস্থাপনা
৫। পিজি-বিনিয়োগ বৃদ্ধি, ব্যবহার এবং মুনাফা বন্টন